

💵 সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩২০১

১৫/ কিতাবুল জানাযা (کتاب الجنائز)

পরিচ্ছেদঃ ২৫০. কবর অধিক গভীর করা।

باب فِي تَعْمِيقِ الْقَبْرِ

আরবী

حَدَّتَنَا عَبْدُ اللَّهِ بْنُ مَسْلَمَةَ الْقَعْنَبِيُّ، أَنَّ سُلَيْمَانَ بْنَ الْمُغِيرَةِ، حَدَّتَهُمْ عَنْ حُمَيْدٍ، _ يَعْنِي ابْنَ هِلاَلٍ _ عَنْ هِشَامِ بْنِ عَامِرٍ، قَالَ جَاءَتِ الأَنْصَارُ إِلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم يَوْمَ أُحُدٍ فَقَالُوا أَصَابَنَا قَرْحٌ وَجَهْدٌ فَكَيْفَ تَأْمُرُنَا قَالَ " احْفِرُوا وَأَوْسِعُوا وَاجْعَلُوا الرَّجُلَيْنِ وَالتَّلاَتَةَ فِي الْقَبْرِ " . قِيلَ فَأَيُّهُمْ يُقَدَّمُ قَالَ " أَكْتُرُهُمْ قُرْآنًا " . قَالَ أُصِيبَ أَبِي يَوْمَئِذِ عَامِرٌ بَيْنَ اثْنَيْن أَوْ قَالَ وَاحِدٌ .

বাংলা

৩২০১. আবদুল্লাহ্ ইবন মাসলামা কা'নবী (রহঃ) হিশাম ইবন আমির (রাঃ) থেকে বর্ণিত। উহুদের যুদ্ধ শেষে আনসার সাহাবীগণ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট হাযির হয়ে বলেনঃ আমরা আহত হয়েছি এবং খুবই ক্লান্ড; এখন আপনি আমাদের কি করতে বলেন? তিনি বলেনঃ তোমরা প্রশস্ত করে কবর খোঁড় এবং প্রত্যেক কবরে দুই-দুই এবং তিন-তিন ব্যক্তিকে দাফন কর।

তখন তাঁকে জিজ্ঞাসা করা হয়ঃ আগে কাকে রাখব? তিনি বলেনঃ যে ব্যক্তি কুরআন সম্পর্কে অভিজ্ঞ, তাকে আগে রাখবে।

রাবী বলেনঃ আমার পিতা আমির (রাঃ)-ও সেদিন শাহাদতপ্রাপ্ত হন, যাঁকে দুই অথবা এক ব্যক্তির সঙ্গে (একই কবরে) দাফন করা হয়।

English

Narrated Hisham ibn Amir:

The Ansar came to the Messenger of Allah (ﷺ) on the day of Uhud and said: We have been afflicted with wound and fatigue. What do you command us?



He said: Dig graves, make them wide, bury two or three in a single grave.

He was asked: Which of them should be put first?

He replied: The one who knew the Qur'an most.

He (Hisham) said: My father Amir died on the day and was buried with two or one.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ হিশাম ইবনু আমির (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন